

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ২৭ নভেম্বর, ২০১৭

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে রোহিঙ্গা ত্রাণ এবং পুনর্বাসন কার্যক্রমে নিয়োজিত কর্মীবৃন্দ

হতে: সহকারি পরিচালক-মানবসম্পদ, জেডার এবং কমিউনিটি রেডিও

বিষয়ঃ রোহিঙ্গা ত্রাণ ও পুনর্বাসন কাজে নিয়োজিত কর্মীদের নিয়োগ প্রক্রিয়া এবং অব্যাহতি প্রদান/গ্রহণ প্রসঙ্গে

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. আমরা উদ্বেগের সাথে লক্ষ্য করছি রোহিঙ্গা ত্রাণ ও পুনর্বাসন কাজে নিয়োজিত কর্মীদের মধ্যে কেউ কেউ সংস্থার নীতিমালা ভঙ্গ করে অন্য সংস্থায় চলে যাচ্ছেন। কিন্তু আমাদের মানবসম্পদ নীতিমালায় সুস্পষ্টভাবে বলা আছে-যদি কেউ সংস্থাকে লিখিতভাবে না জানিয়ে এখানে চাকুরীরত অবস্থায় চাকুরী খোঁজেন তা অসদাচরণ বলে গণ্য হবে। কিন্তু তারা বিষয়টি জেনে বা না জেনে নীতিমালা ভঙ্গ করছেন। এই কার্যক্রমে জড়িত কর্মীদের অবগতির জন্য নিয়োগ প্রক্রিয়া এবং সংস্থা ছেড়ে অন্যত্র যাওয়ার নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো:

ক. এখন থেকে সাক্ষাৎকার গ্রহণ বা পরীক্ষা গ্রহণের দিনই প্রাথমিকভাবে নির্বাচিত চিঠি প্রার্থীকে দেওয়া হবে।

খ. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীর ভেরিফিকেশনের জন্য সকল তথ্য আরপিসিকে (কল্লবাজার) সাথে সাথে দেওয়া হবে।

গ. আরপিসি তার ক্ষুদ্রখণের কর্মীদের মাধ্যমে এক সপ্তাহের মধ্যে নির্বাচিত প্রার্থীর প্রদানকৃত তথ্য যাচাই করে টীম লিডার-রোহিঙ্গা অপারেশন বরাবর পাঠাবেন। এরপর টীম লিডার তা প্রধান অফিস বরাবর পাঠাবেন।

ঘ. এক সপ্তাহের মধ্যে প্রার্থীর চূড়ান্ত নিয়োগ পত্র দেওয়া হবে। (তথ্য যাইয়ের ভিত্তিতে)

ঙ. এই কার্যক্রমে কর্মরত কর্মীরা ১৫ দিনের নোটিসে সংস্থা ছেড়ে যেতে পারবেন। একইভাবে সংস্থাও ১৫ দিনের নোটিসে কোন কর্মীকে অব্যাহতি পত্র দিতে পারবে।

২. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এটির সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে আগামী ৫ ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে যে কোন মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হলো।

৩. এই সার্কুলারটির গুরুত্বপূর্ণ অংশসমূহ পরবর্তীতে মানবসম্পদ ও প্রশাসনিক ব্যবস্থাপনা ম্যানুয়ালে অন্তর্ভুক্ত হবে।

৪. সার্কুলারটি আপনি আপনার সেন্টার, প্রকল্প টীম, প্রকল্প অফিস, টেকনফ শাখায় আগামী দুটি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল রোহিঙ্গা ত্রাণ ও পুনর্বাসন কাজে নিয়োজিত কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নেবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখবেন।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

ফেরদৌস আরা রুমী

অনুলিপি

নির্বাহী পরিচালক

পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কপি